

শ্রীশ্রীহরি সঙ্গীত

প্রেমের প্রেমিক নও, ঢলুয়া প্রেম দেখাও,

যে দিন শমন এসে বাঁধবে কসে এড়াতে সম্বল কি তার করেছ ॥

- ৫। তারকচাঁদ কয় ছাড় জাহিরী,
সুস্থ পথে না থাকিলে মিলবে কি হরি।
দেখ না বিচারী ছাড় জুয়াচুরি,
অশ্বিনী তুই ব্যভিচারী, আপন কর্মদোষে হয়েছে ॥

৭২ নং তাল-ঠুংরী

আমি *গুরু বৈমুখ হয়ে রলেম ভাই, এ মুখ কেউ দেখনা।

এ পোড়া মুখ দেখলে পরে, ও তার দুঃখ আর যাবেনা ॥

- ১। হরি বৈমুখ হলে পরে, গুরুচাঁদ রাখতে পারে বিচার অনুসারে।
গুরু বৈমুখ হলে পরে, তার কেউ রাখতে পারে না ॥
২। গুরুচাঁদের দয়া ছিল, কর্মদোষে নিদয় হল শেষে বিদায় দিল।
ভব কূপে ফেলে দিল, আমায় কেউ ডেকে সুধায় না ॥
৩। বন্ধু বান্ধব ছিল যারা, আমার বিপদ দেখে পালায় তারা
ভেবে হলেম সারা।

তবিল ভেঙ্গে গেলাম মারা, আমার মন মতি ভাল না ॥

- ৪। গুরুচাঁদ দয়া করে, আমায় পাঠাইল প্রেম বাজারে
লোভে এলেম ফিরে।

এম সুধা মধু ত্যজ্য করে, এসে খেলেম গরল পানা ॥

- ৫। মহানন্দ বলছে দুঃখে, এমন অপরূপ রূপ দেখে চক্ষে
মজিল ঐহিক সুখে।

অশ্বিনী তোর নাইরে রক্ষে, আমার গুরুচন্দ্র বিনা ॥

৭৩ নং তাল-আদা

হুজুরে পড়েছি ধরা আমারে কেউ ছুসনে তোরা।

* শ্রীগুরু-পূর্ণব্রহ্ম হরিচাঁদের পুত্র শ্রীগুরুচাঁদ।